তারিখ 27 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

# আজ সরকারী কলেজে জঙ্গীবিরোধী মানববন্ধন

স্টাফ রিপোর্টার ॥ জঙ্গীবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিবাদ গড়ে তোলার অঙ্গীকার করা হয়েছে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ" (আইডিইবি) আয়োজিত মানববন্ধন ও সমাবেশে। মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন ও শপথগ্রহণ করেছেন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ও সমমনা পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ। এদিকে

(২ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## আজ সরকারী

(প্রথম পৃষ্ঠার পর)

আজ দেশের তিন শতাধিক সরকারী কলেজ ও সংশ্লিষ্ট দফতরে অনুষ্ঠিত হবে শিক্ষক-শিক্ষার্থী জঙ্গীবাদ বিরোধী মানববন্ধন সমাবেশ। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ডাকে সকাল ১১টায় এ কর্মসূচী শুরু হবে।

আজকের কর্মসূচীতে যোগ দিতে শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন বিসিএস শিক্ষা সমিতির সভাপতি মোঃ আইকে সলিমুল্লাহ খোন্দকার ও মহাসচিব মোঃ শাহেদুল খবীর চৌধুরী। মঙ্গলবার আইডিইবির সভাপতি এ কে এম এ হামিদের সভাপতিত্বে জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধনে বক্তব্য রাখেন আওয়ামী লীগের প্রচার সম্পাদক ড. হাছান মাহমুদ এমপি, পাট ও বস্ত্র প্রতিমন্ত্রী মির্জা আজম এমপি, সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শামসুল হক টুকু এমপি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান মেজর জেনারেল (অব) হেলাল মোর্শেদ খান, আইডিইবি'র সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমান, ঢাকা জেলা আইডিইবি'র সভাপতি মোঃ খবির হোসেন, আইডিইবি কেনিক যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ ফজলুর রহমান খান, শিক্ষা বিষয়ক সম্পাদক মুক্তিযোদ্ধা মোঃ ইদরিস আলী, ঢাকা জেলা আইডিইবি'র সাধারণ সম্পাদক মোঃ আব্দুল মান্নান, বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদের সাধারণ সম্পাদক আব্দুল হকসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

মানববন্ধন কর্মসূচীতে আইডিইবি ঢাকা জেলা শাখার নেতৃবৃন্দসহ সড়ক ও জনপথ, এলজিইডি, ঢাকা ওয়াসা, গণপূর্ত, বিএডিসি, বিদ্যুত উন্নয়ন বোর্ড, পানি উন্নয়ন বোড, ডেসকো, ডিপিডিসি, পিজিসিবি, শিক্ষা প্রকৌশল, জনশক্তি, জনস্বাস্থ্য প্রকৌশল, বিটিসিএল, তিতাস গ্যাস, কর্মপ্রত্যাশী ডিপ্লোমা প্রকৌশলী সমিতি, প্রাইভেট সেক্টর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ফেডারেশন, আইডিইবি টেক্সটাইল ডিভিশন ইত্যাদি সংস্থাসমূহ, বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদ, বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি ও বাংলাদেশ কারিগরি ছাত্র পরিষদের তিন সহস্রাধিক সদস্য প্রকৌশলী ও নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।